

প্রেস রিলিজ

প্রধানমন্ত্রী বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করতে গ্রামীণ জনগোষ্ঠির জীবন মান উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছেন
.....প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি

জৈন্তাপুর, সিলেট-২৬ এপ্রিল ২০১৯

আজ সকাল দশটায় জৈন্তাপুর উপজেলা অডিটোরিয়ামে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি অনুদান ও কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বলেন- বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করতে গ্রামীণ জনগোষ্ঠির জীবন মান উন্নয়নের গুরুত্ব দিয়ে যাচ্ছেন। তিনি বলেন, ইতোমধ্যে তিনি প্রতিটি গ্রামকে শহরে পরিণত করার ঘোষণা দিয়েছেন।

প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি প্রধানমন্ত্রীর ঘোষণাকে বাস্তবায়ন করতে এবং প্রস্তুক জনগোষ্ঠিকে উন্নয়নের মূল স্রোতে ফিরিয়ে আনতে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানান প্রতিটি সরকারি ও বেসরকারি দপ্তরের প্রধানদের।

এসময় তিনি উপজেলার কৃষি বান্ধব পরিবার গুলোকে সরকারি প্রণেদনা প্রদানে সঠিক মূল্যায়ন করার জন্য উপজেলা কৃষিকর্মকর্তাকে বিশেষ নজর দেওয়ার আহবান জানান এবং প্রতিবন্ধী, চা-শ্রমিক জনগোষ্ঠিকে মূল ধারায় ফিরিয়ে আনতে সমাজ সেবা কর্মকর্তাকে সুদৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌরীন করিমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জৈন্তাপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামাল আহমদ, গোয়াইনঘাট সরকারি কলেজের অধ্যক্ষ ফজলুল হক, সিনিয়র এএসপি গোয়াইনঘাট সার্কেল নজরুল ইসলাম, জৈন্তাপুর প্রেসক্লাবের সভাপতি শাহেদ আহমদ, জৈন্তাপুর উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ফয়েজ আহমদ বাবর, জৈন্তাপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বশির উদ্দিন, মহিলা ভাইস চেয়ারম্যান পলিনা রহমান, জৈন্তাপুর ইউপি চেয়ারম্যান এখলাছুর রহমান প্রমুখ।

মোহাম্মদ রাশেদুজ্জামান
জনসংযোগ কর্মকর্তা,
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
ফোনঃ০১৭১২৩৮০৪৩৫



জৈন্তাপুরে দুঃ ও চা শ্রমিকদের মধ্যে বিভিন্ন উপকরণ সহ নগদ অর্থ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি।



দুঃস্বদের মধ্যে নগদ অর্থ বিতরণ করছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি।